

# মনসুর আলী মেডিক্যালের নতুন নাম সিরাজগঞ্জ মেডিক্যাল কলেজ

বাসস



সংগৃহীত ছবি

সিরাজগঞ্জের শহীদ এম মনসুর আলী মেডিক্যাল কলেজের নাম পরিবর্তন করেছে সরকার। মেডিক্যাল কলেজটির নতুন নাম রাখা হয়েছে সিরাজগঞ্জ মেডিক্যাল কলেজ।

মঙ্গলবার (২১ এপ্রিল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, দেশের একটি সরকারি মেডিক্যাল কলেজের নাম পরিবর্তন করে নতুনভাবে

নামকরণ করা হয়েছে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মো. কামরুজ্জামান চৌধুরীর সই করা প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, নাম পরিবর্তনের ফলে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমে প্রয়োজনীয় সমন্বয় আনতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়া হয়েছে।